**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
**প্রধান কার্যালয়**
**পল্লী ভবন (৭ম তলা)**
**৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫**
**www.sfdf.org.bd**

## এসডিজি বাস্তবায়নে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন এসএফডিএফ-এর সম্পাদিত কার্যক্রমসমূহ এবং এসডিজি বাস্তবায়নে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিম্নরুপঃ

### এসডিজি বাস্তবায়নে এসএফডিএফ-এর সম্পাদিত কার্যক্রমঃ

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের প্রধান লক্ষ্য হলো দেশের পল্লী অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের পুরুষ ও নারীদের গ্রামভিত্তিক অনানুষ্ঠানিক কেন্দ্রের আওতায় সংগঠিত করে তাদের উৎপাদন, আত্ম-কর্মসংস্থান, প্রশিক্ষণ ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও জীবনমান উন্নয়নের জন্য জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদান।

এসডিজি বাস্তবায়নে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের আওতাধীন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের দারিদ্র্য হ্রাসকরণের লক্ষ্যে আত্ম-কর্মসংস্থান সৃষ্টিতে বিগত ১০ বছরের (২০০৯-২০১৯) অতিগুরুত্বপূর্ণ উন্নয়ন কর্মকান্ড ও অর্জিত সাফল্য নিম্নরুপঃ

- এ সময়ে ফাউন্ডেশন চলমান প্রকল্পসহ ১৭৩টি উপজেলায় ক্ষুদ্র ঋণ কার্যক্রম সম্প্রসারণ করেছে।
- এ সময়ে গ্রাম পর্যায়ে ৫৮৫৫টি ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক উন্নয়ন কেন্দ্র গঠন করা হয়েছে।
- গঠিত কেন্দ্রসমূহে এ সময়ে ১ লাখ ৭৫ হাজার ২২৬টি পরিবারকে ক্ষুদ্র ঋণ সহায়তা সেবা প্রদান করা হয়েছে।
- ফলে সুফলভোগী সদস্যের পরিবারের সদস্য গড়ে ৫ জন ধরে সর্বমোট প্রায় ৯ লাখ মানুষ সরাসরি উপকৃত হয়েছে।
- তিনটি উন্নয়ন প্রকল্পসহ এসএফডিএফ এ সময়ে প্রাপ্ত ১৩২ কোটি ১৮ লাখ টাকা আবর্তক ঋণ তহবিল ব্যবহার করে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সুফলভোগীদের মাঝে ক্রমপুঞ্জিতভাবে এ পর্যন্ত ৮৬৪ কোটি ৬৭ লাখ টাকা ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ করেছে।
- এ ঋণ নিয়ে সুফলভোগী সদস্যগণ ফসল উৎপাদন, বানিজ্যিকভিত্তিতে সবজি চাষ, মৎস্য চাষ, গাভী পালন, গরু মোটাতাজাকরণ, হাঁস মুরগী পালন, ছাগল পালন, চাষাবাদের জন্য কৃষি যন্ত্রপাতি ক্রয় ও ক্ষুদ্র ব্যবসাসহ আত্ম-কর্মসংস্থানের বিভিন্ন খাতে বিনিয়োগ করে লাভবান হচ্ছেন।
- আত্ম-কর্মসংস্থানের লভ্যাংশ থেকে সাপ্তাহিকভিত্তিতে স্বল্প-স্বল্প সঞ্চয় জমার মাধ্যমে তাঁরা এ পর্যন্ত ৭৪ কোটি ২৩ লাখ টাকা নিজস্ব পুঁজি গঠন করতে সক্ষম হয়েছেন।
- ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের সদস্যদের উদ্বুদ্ধকরণ ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি ও নেতৃত্ব বিকাশের লক্ষ্যে এ সময়ে ২৭ হাজার ২৬৭ জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এসডিজি বাস্তবায়নে ফাউন্ডেশন বিগত ০৩ (তিন) বছরে মূল কার্যক্রম জোরদারকরণসহ নিম্নরুপ পদক্ষেপ গ্রহণ করেছেঃ

১। ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র কৃষক উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের মেয়াদ ০৬ মাস বৃদ্ধি করে কার্যক্রম শক্তিশালীকরণসহ আবর্তক ঋণ তহবিল বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ফলে এ প্রকল্পের মাধ্যমে এ সময়ে ৭.১৭ কোটি টাকা আবর্তক ঋণ তহবিল বরাদ্দ পাওয়া গেছে।

২। জানুয়ারি'২০১৬ থেকে ডিসেম্বর'২০১৯ সময়ে বাস্তবায়নের জন্য ক্ষুদ্র কৃষক উন্নয়ন সহায়তা (২য় পর্যায়) প্রকল্প অনুমোদন করে কার্যক্রম সম্প্রসারণ ও আর্বতক ঋণ তহবিল বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ফলে এ প্রকল্পের মাধ্যমে এ সময়ে ৫৬.৭৫ কোটি টাকা আবর্তক ঋণ তহবিল বরাদ্দ পাওয়া গেছে।

৩। এছাড়া ২০১৬-২০১৭ অর্থ বছরে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রচেষ্ঠায় ও ফাউন্ডেশনের উদ্যোগে অনুন্নয়ন বাজেট হতে এ সময়ে ৪.০০ কোটি টাকা অর্থ বরাদ্দ পাওয়া গেছে।



D:\Papia\my work-2017\azad sir\SDG Report-19\Report.docx

উপরিউল্লিখিত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যকে সামনে রেখে বিগত ০৩ (তিন) বছরে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন যে অগ্রগতি অর্জন করেছে তা নিম্নরুপঃ-

| ক্রমিক নং | কার্যক্রম | অর্থ বছর | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | |
| ১. | গ্রাম উন্নয়ন কেন্দ্র গঠন (সংখ্যা) | ৮২০ | ১২৯৩ | ৫৫১ | ২৬৬৪ |
| ২. | সদস্য ভুক্তি (জন) | ২৬,০০০ | ২৭,৭৯৮ | ২০,৩৬৭ | ৭৪,১৬৫ |
| ৩. | পুঁজি গঠন (সঞ্চয় জমা) লক্ষ টাকায় | ৭৩৫.২৭ | ১১১০.০০ | ১১৯৮.৯৮ | ৩০৪৪.২৫ |
| ৪. | ঋণ বিতরণ (লক্ষ টাকায়) | ১১৮০৯.০০ | ১৮২৯০.৫১ | ১৯৬৬৯.২০ | ৪৯৭৬৮.৭০ |
| ৫. | ঋণ আদায় (লক্ষ টাকায়) | ১০০৯৩.০০ | ২৩৭২০.৬৩ | ১৯৩২৬.৬৭ | ৫৩১৪০.৩০ |
| ৬. | সুফলভোগী প্রশিক্ষণ (জন) | ৬৫০০ | ৪৭৮৪ | ৮২০০ | ১৯,৪৮৪ |

**এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে নারীর ক্ষমতায়নে (Women Empowerment) এসএফডিএফ-এর কার্যক্রমঃ**

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী। সুতরাং নারী সমাজকে উৎপাদন ও উন্নয়নের মূল স্রোতধারার সাথে সম্পৃক্ত করা ছাড়া দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। নারীর ক্ষমতায়ন যে সকল বিষয়ের ওপর নির্ভরশীল তার মধ্যে অন্যতম হচ্ছে কর্মসংস্থান তথা আয় উপার্জন। ফাউন্ডেশনের উদ্দেশ্য হচ্ছে কর্মসংস্থান তথা আয় বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য হ্রাসকরণ । এ সকল কর্মসূচির অধিকাংশ সুবিধাভোগী হচ্ছে নারী । ফাউন্ডেশনের আওতায় বিগত ০৩ (তিন) বছরে ভর্তিকৃত সদস্যদের মধ্যে ৬৯,৭১৫ জন নারী সদস্য রয়েছে । নারী সদস্যের শতকরা হার ৯৪% । সদস্যভুক্ত এ সকল নারীকে আত্ম-কর্মসংস্থানের নিমিত্ত বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডে ৪৬৭ কোটি ৮২ লাখ টাকা ঋণ বিতরণ করা হয়েছে । এ সকল নারী ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে ২৮ কোটি ৬২ লাখ টাকা নিজস্ব পুঁজি গঠনে সক্ষম হয়েছে । এ সময়ে প্রায় ১৮,৩১৬ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করে দক্ষতা উন্নয়ন করা হয়েছে। ফলে নারীগণ পারিবারিক সিদ্ধান্ত গ্রহণে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। এতে সমাজে নারীদের অবস্থান সুদৃঢ় হয়েছে। উল্লেখ্য নারী সদস্যদের ঋণ পরিশোধের পরিমাণ পুরুষ সদস্যদের চেয়ে অধিক । এছাড়া নারী সদস্যদেরকে অর্থনৈতিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম যেমনঃ ছেলে-মেয়েদের শিক্ষা, পরিবার কল্যাণ, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পুষ্টি-স্বাস্থ্য ইত্যাদি কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধকরণ ও সহযোগিতা প্রদানে অধিকতর সাড়া পাওয়া যায়। এ ফাউন্ডেশনের মাধ্যমে নারীদের ক্ষমতায়নে যথেষ্ট অবদান রয়েছে।

**এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে দারিদ্য বিমোচনের জন্য এ সময়ে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনে আরও যেসকল গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে সেগুলো নিম্নরুপঃ**

- এসএফডিএফ এর ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণসহ সকল কার্যক্রম অনলাইনে পরিচালনার জন্য সম্পূর্ণভাবে অটোমেশন করে মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার কার্যক্রমের আওতায় আনা হয়েছে। এ অনলাইন কার্যক্রমে ০৩ (তিন)টি মডিউল রয়েছে। মডিউলগুলো হলো MIS, AIS এবং HRIS ।
- MIS মডিউলের মাধ্যমে সদস্যদের ডাটাবেইজ এবং ঋণ ও সঞ্চয়ের সার্বিক পরিস্থিতি সন্নিবেশিত থাকে। ফলে কর্তৃপক্ষ অতিদ্রুত মনিটরিং করতে পারে এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে কার্যক্রমে গতিশীলতা আনতে পারে।
- AIS মডিউলটিতে ফাউন্ডেশনের সকল পর্যায়ের কার্যালয়ের লেনদেন ও হিসাব সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যায়। ফলে আর্থিক লেনদেন সংক্রান্ত সকল বিষয়াবলী অতিদ্রুত কর্তৃপক্ষ মনিটরিং করতে পারে।
- HRIS মডিউলটির মাধ্যমে ফাউন্ডেশনে সকল জনবলের প্রয়োজনীয় সকল তথ্যাদি তা পর্যালোচনার মাধ্যমে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ সম্ভব হয়।
- ফাউন্ডেশনের সঞ্চয় ও ঋণ কার্যক্রম সম্পূর্ণ অটোমেশনের আওতায় আনার ফলে ডিজিটাল পদ্ধতিতে সকল স্তরে মনিটরিং করতে পারায় দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও কার্যক্রম বাস্তবায়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে। এর ফলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে আয়োজিত “ইনোভেশন শোকেসিং ২০১৯” এ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনকে পুরস্কার প্রদান করা হয়েছে।



D:\Papa\my work-2017\azad sir\SDG Report-19\Report.docx

- এসএফডিএফ'র প্রধান কার্যালয়ে ওয়াই-ফাই (wi-fi) প্রযুক্তির সুবিধাসহ ১০ এমবিপিএস গতি সম্পন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ চালু এবং সকল জেলা ও উপজেলাদপ্তরে মডেম এর মাধ্যমে ইন্টারনেট সংযোগ চালু করা হয়েছে।
- এসএফডিএফ-এর সকল কার্যক্রম জনসম্মুখে প্রকাশের প্লাটফর্ম হিসেবে একটি interactive ওয়েবসাইট (www.sfdf.org.bd) চালু আছে। এসএফডিএফের কার্যক্রম ও নাগরিক সেবা সংক্রান্ত তথ্য, দাপ্তরিক সংবাদ ও অফিস আদেশসমুহ প্রয়োজনীয় ফরম ইত্যাদি এই ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ওয়েবসাইটে বর্তমানে ওয়েব পোর্টাল তৈরি ও জাতীয় তথ্য বাতায়নে পোর্টালে যুক্ত করা হয়েছে।
- তথ্য ও প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে দ্রুত, কম খরচে এবং কম যাতায়াতে (visit) নাগরিক সেবা সরবরাহ করার লক্ষ্যে সেবা প্রদান পদ্ধতি সহজিকরণে কাজ করে আসছে। সেবা প্রদানে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণে এটুআই প্রোগ্রামের সহযোগিতায় ইতোমধ্যে কর্মকর্তাগণ সেবা পদ্ধতি সহজিকরণে বেশ কিছু উদ্ভাবনী আইডিয়া তৈরি করেছেন। এগুলোর মধ্যে 'ঋণ বিতরণ সহজিকরণ' আইডিয়াটি প্রাথমিকভাবে নির্বাচন করে বিদ্যমান ঋণ বিতরণ পদ্ধতিকে সহজ করে দ্রুত, কম খরচে এবং কম যাতায়াতে ঋণ বিতরণ পদ্ধতি প্রবর্তণের জন্য কাজ চলছে।
- এসএফডিএফ এর কর্মকর্তা/কর্মচারিদের উদ্ভাবনী আইডিয়া নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে একটি অনলাইন প্লটফার্ম ব্যবহারে উৎসাহ প্রদান করে থাকে। সোস্যাল মিডিয়া 'ফেসবুক' জীবনের অনেক ক্ষেত্রে ও নাগরিক সেবায় উদ্ভাবনের অন্যতম অবলম্বন হিসেবে বিবেচিত হচ্ছে। এসএফডিএফ অফিসিয়াল গ্রুপ পেজ www.facebook.com/people/sfdf-sfdf নাগরিক সমাজ ও কর্মকর্তা/কর্মচারিবৃন্দের মধ্যে চিন্তাভাবনার ভাগাভাগিতে (sharing) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আঞ্চলিক ও উপজেলা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারিগণ অফিসিয়াল গ্রুপ পেজ এ যুক্ত আছেন। তাছাড়া দেশের সে কোন নাগরিক এসএফডিএফ এর 'ফেসবুক পেজ' এ যুক্ত হতে পারেন।
- বর্তমান সরকার ঘোষিত রুপকল্প ২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের (এটুআই) প্রোগ্রাম ই-ফাইল (নথি) ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার প্রস্তুত করেছে। এর ধারাবাহিকতায় কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কর্মস্থলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এসএফডিএফ এটুআই প্রোগ্রামের সহযোগিতায় প্রধান কার্যালয়ে ই-ফাইলিং কার্যক্রম চালু হয়েছে। ফাইলে লাল ফিতার দৌরাত্ন কমানোর লক্ষ্যে এবং কাগজের ব্যবহার কমিয়ে আনার মাধ্যমে সেবাগ্রহিতা বান্ধব অফিস তৈরি করা ই-ফাইল এর অন্যতম উদ্দেশ্য। বর্তমানে ৫টি শাখায় ই-ফাইলের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।
- প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও উপজেলা কার্যালয় সমূহের সকল কর্মকর্তা/কর্মচারিবৃন্দের মধ্যে আন্ত:যোগাযোগ ও সুফলভোগীদের সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ রক্ষার জন্য ২০১৪ সাল থেকে প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের মধ্যে কর্পোরেট মোবাইল সিম সরবরাহ করা হয়েছে। প্রধান কার্যালয়ে স্থাপিত বাংলালিংক ফিল্ড ফোর্স লোকটরের সহযোগিতায় এসএফডিএফ-এর কর্মকর্তা/কর্মচারীদের অবস্থান জানার মাধ্যমে মাঠ কার্যক্রম পরিবীক্ষণ করা হয়ে থাকে।
- প্রধান কার্যালয়ে স্থাপিত ভিডিও কনফারেন্সিং সিস্টেমের মাধ্যমে আঞ্চলিক কার্যালয় ও উপজেলা কার্যালয়ের সাথে যুক্ত হওয়া যায়। প্রধান কার্যালয় থেকে মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের সাথে আলোচনা উপজেলা কার্যালয়সমূহের বিভিন্ন সমন্বয় সভায় যুক্ত হওয়া এবং পল্লী এলাকায় বসবাসরত সুবিধাভোগীদের সাথে মত বিনিময় ইত্যাদি ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে হয়ে থাকে।

**এসডিজি বাস্তবায়নে এসএফডিএফ-এর ভবিষ্যৎ কর্মপরিকল্পনা (Action Plan) প্রণয়নঃ**

**এসডিজি বাস্তবায়নে ২০২০-২০২৪ সাল অথাৎ আগামীতে ০৫ (পাঁচ) বছরের জন্য এসএফডিএফ-এর ভবিষ্যৎ কর্মপরিকল্পনা (Action Plan) নিম্নরুপঃ-**

১. বর্তমান আওয়ামী লীগ সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্নপূরণ ও ফাউন্ডেশনের স্থায়ী অফিস স্থাপনের মাধ্যমে সুফলভোগীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে সম্পৃক্ত করে দক্ষ মানব সম্পদে পরিণত করার প্রয়োজনে "তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ কমপ্লেক্স-কাম-অফিস প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)কে শক্তিশালীকরণ" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যা বর্তমানে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে।

২. ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কাঙ্খিত মাত্রায় দারিদ্র্য বিমোচনের লক্ষ্যকে সামনে রেখে ফাউন্ডেশন কর্তৃক সার্ভিস চার্জের হার কমিয়ে সিঙ্গেল ডিজিট অর্থাৎ ৮% ধরে **'রুপকল্প ২০২১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন'** শীর্ষক একটি



D:\Papia\my work\2017\acnt sn\SDG Report-19\Report.docx

প্রকল্প প্রণয়ন করা হয়েছে। যার জনবল অনুমোদন অর্থ মন্ত্রণালয় হতে সম্পন্ন হয়েছে। পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

৩. এ প্রকল্পের মাধ্যমে ২০০টি উপেজলার ৩ লক্ষ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের ১৫ লক্ষ সদস্যের ঋণ সহায়তা দেয়ার মাধ্যমে সরাসরি দারিদ্র্য বিমোচনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

৪. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) বাস্তবায়নের জন্য এসএফডিএফ এর সুফলভোগী সদস্যদের বিভিন্ন ট্রেডে যেমন- কম্পিউটার, রেডিও ও টেলিভিশন মেরামত ও সার্ভিসিং, মোবাইল সার্ভিসিং, আটোমেকানিক্স (ড্রাইভিংসহ), ইলেকট্রিক্যাল, রেফ্রিজারেশন ও এয়ার কন্ডিশনিং, গ্রাফিক্স ডিজাইন, ম্যাশন বাইন্ডার ও টাইলস ফিটিংস ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা উন্নয়ন করে আর্থিকভাবে সচ্ছল করার জন্য ২৫ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

৫. কর্মকর্তা/কর্মচারী ও সুফলভোগী সদস্যদের দক্ষ মানব সম্পদে রূপান্তরের জন্য ফাউন্ডেশনের অভ্যন্তরীণ অব্যাহত প্রশিক্ষণ কার্যক্রম নিশ্চিতকরণে লক্ষ্যে ১ কোটি টাকা ব্যয় একটি প্রকল্প গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(মো: গোলাম ছারওয়ার)
মহাব্যবস্থাপক



D:\Papia\my work-2017\azad sa\SDG Report-15\Report.docx